

প্রতি,

.....  
.....

জেলা :

মাননীয় মহাশয় / মহাশয়া,

আমরা ভোটকর্মীরা আপনার মাধ্যমে জেলা নির্বাচন আধিকারিকের কাছে নিম্নলিখিত দাবিগুলি পেশ করছি। এই গুরুত্বপূর্ণ বিষয়গুলি পূর্বে একাধিক বার মুখ্য নির্বাচন আধিকারিকের নিকট উপস্থাপন করা হয়েছে। সর্বশেষে যেটা জানানো হয়েছে (Memo No-SUA/2024/CEO-ECI-WB/03)। কিন্তু পূর্ণ আশ্বাস পাওয়া যায় নি।

**সাধারণ ভোটকর্মী হিসেবে আমাদের দাবিগুলি হল :**

- 1। প্রতিটি বুথের CPMF দ্বারা ভোটকর্মীদের নিরাপত্তা সুনিশ্চিত করতে হবে। কেননা ভোটকর্মীদের জীবন রক্ষার অধিকার আছে। তাই কমিশনের পক্ষ থেকে আশ্বস্ত করে অবিলম্বে একটি 'প্রেসনোট' প্রকাশ করতে হবে।
- 2। গত দশ বছরে ভোটকর্মীদের কোনো ভাতা বৃদ্ধি হয়নি। ভোটকর্মীরা অমানবিক পরিশ্রমের বিনিময়ে যা ভাতা পান তা কহতব্য নয়। ভোটকর্মীদের সম্মানজনক ভাতা বৃদ্ধি করতেই হবে।
- 3। বিশেষভাবে সক্ষম (40% এর উপর) অনিচ্ছুক ভোটকর্মীদের ডিউটি দিয়ে হয়রানি বন্ধ করতে হবে। এই বিষয়ে মহামান্য আদালতের সুস্পষ্ট রায় আছে।
- 4। কমিশনের ধার্য করা অর্থের সমমূল্যে মধ্যাহ্নভোজ প্রতিটি ট্রেনিং সেন্টারে দেওয়া হচ্ছে না। ওই টাকা ভোটকর্মীদের ব্যাঙ্ক একাউন্টে সরাসরি প্রদান করা হোক।
- 5। ভোটকর্মীদের হাতে ট্রেনিং-এ উপস্থিতির প্রমাণপত্র এবং 12/12A-জমা দেওয়ার প্রমাণপত্র দিতে হবে।
- 6। নির্বাচনের ডিউটির প্রায় দেড় মাস আগে ট্রেনিং আসলে প্রশিক্ষণের উদ্দেশ্যকেই ব্যাহত করেছে। বিবেচনা করা হোক।
- 7। প্রতিটি লোকসভার জন্য একজন করে নোডাল অফিসারের নাম ও ফোন নাম্বার প্রকাশ্যে প্রতিটি ট্রেনিং সেন্টারে এবং DC-RC তে ভোটকর্মীদের জানাতে হবে, ভোটকর্মীরা যাতে তাঁকে সরাসরি যোগাযোগ করে অভিযোগ জানাতে পারেন।
- 8। প্রতিটি বুথে Assured Minimum Facilities নিশ্চিত করতে হবে। এর জন্য সেক্টর অফিসারকে দায়িত্ব নিতে হবে।
- 9। ভোটের ডিউটির পরের দিন ভোটকর্মীদের জন্য অন-ডিউটি ছুটির ব্যবস্থা করতে হবে।
- 10। একই পরিবার থেকে সংশ্লিষ্ট সকলকে ভোটের ডিউটি দেওয়া যাবে না ; যে কোন একজন সদস্যকে পারিবারিক জরুরী পরিস্থিতির জন্য ডিউটি থেকে অব্যাহতি দিতে হবে।

আশা করবো, আপনার মাধ্যমে আমাদের এই দাবিগুলি উপযুক্ত স্থানে গৃহীত হবে এবং সাংবিধানিক দায়িত্ব পালনের পাশাপাশি ভোটকর্মীদের মর্যাদার সঙ্গে বেঁচে থাকার সাংবিধানিক অধিকারকেও সুনিশ্চিত করবে।

বিনীত

(সাধারণ ভোটকর্মীদের পক্ষ থেকে)

স্থান , তারিখ-